- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে,যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে ও পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে,যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় টাঙ্গাইল, সিরাজগঞ্জ, পাবনা ও মানিকগঞ্জ জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে, অপরদিকে রাজবাড়ী, ফরিদপুর ও শরিয়তপুর জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় ব্রহ্মপুত্র নদ চিলমারি পয়েন্টে, যমুনা নদী কাজীপুর, সারিয়াকান্দি ও মথুরা পয়েন্টে এবং তিস্তা নদী ডালিয়া পয়েন্টে বিপদসীমা অতিক্রম করতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ ঘণ্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গ, আসাম ও মেঘালয় প্রদেশের স্থান সমূহে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। এর ফলে বর্ণিত সময়ে এই অঞ্চলের পুনর্ভবা, কুলিখ, ট্যাঙ্গন, আপার করতোয়া, আপার আত্রাই, তিস্তা, ধরলা, দুধকুমার, ব্রহ্মপুত্র এবং আপার মেঘনা অববাহিকার প্রধান নদী সমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।

**৪ (ক)। ২৪ আগস্ট, ২০২১ তারিখ থেকে আগামী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:**

- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। টাঙ্গাইল জেলার এলাসিনঘাট স্টেশনে এবং মানিকগঞ্জ জেলার আরিচা স্টেশনে পানি সমতল আগামী ৭ দিন স্থিতিশীলভাবে বাড়তে পারে, যার ফলে চলমান এ সকল জেলায় বন্যা পরিস্থিতি আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। আগামী ২৯শে আগস্ট নাগাদ জামালপুর জেলার বাহাদুরাবাদ স্টেশন, বগুড়া জেলার সারিয়াকান্দি স্টেশন এবং সিরাজগঞ্জ জেলার কাজীপুর ও সিরাজগঞ্জ স্টেশনে পানি সমতল বিপদসীমা অতিক্রম করতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল আগামী ৫ দিন স্থিতিশীল থেকে তারপর বাড়তে পারে। রাজবাড়ী জেলার গোয়ালন্দ পয়েন্ট ও শরীয়তপুরের সুরেশ্বর পয়েন্টে পানি সমতল আগামী ৭ দিন স্থিতিশীল ভাবে বাড়তে পারে যার ফলে চলমান বন্যা পরিস্থিতি আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। মুন্সীগঞ্জের ভাগ্যকূল এবং মাওয়া পয়েন্টে পানি সমতল ২৯শে আগষ্ট নাগাদ বিপদসীমার কাছাকাছি পৌঁছাতে পারে।
- ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল বাড়তে পারে। আগামী ৭ দিনে ঢাকার চারপাশের নদীসমূহের অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।

**৪ (খ)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৭২ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ৩৫ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | ০২ | **বিপদ সীমার উপরে** | ১০ |

**৪ (গ)। বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ১১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/২৫ আগস্ট ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদ সীমা (মিটার) | বিপদ সীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| কুড়িগ্রাম | ধরলা | ২৬.৫৩ | +১০ | ২৬.৫০ | +০৩ |
| সিরাজগঞ্জ | যমুনা | ১৩.৪২ | +১০ | ১৩.৩৫ | +০৭ |
| আরিচা | যমুনা | ৯.৪১ | -০৫ | ৯.৪০ | +০১ |
| বাঘাবাড়ি | আত্রাই | ১০.৬৭ | +০৪ | ১০.৪০ | +২৭ |
| গোয়ালন্দ | পদ্মা | ৯.১০ | -০৩ | ৮.৬৫ | +৪৫ |

